# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/নিয়োগ/১৪৪/২০২০/৫/৭৪০                                    তারিখ : ১৭ ডিসেম্বর, ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর নিম্নোক্ত বিভাগের জন্য শূন্য পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র.নং | বিভাগ | পদের নাম | সংখ্যা | বেতন স্কেল |
|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | সহযোগী অধ্যাপক | ০১ (এক)টি | ৫০০০০-৭১২০০/= |
| ০২ | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স | সহকারী অধ্যাপক | ০২ (দুই)টি | ৩৫৫০০-৬৭০১০/= |
| ০৩ | জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট | সহকারী অধ্যাপক | ০৩ (তিন)টি | ৩৫৫০০-৬৭০১০/= |
| ০৪ | জেনিটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি | সহকারী অধ্যাপক | ০১ (এক)টি | ৩৫৫০০-৬৭০১০/= |
| ০৫ | পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং | সহকারী অধ্যাপক | ০১ (এক)টি | ৩৫৫০০-৬৭০১০/= |

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ :
সহযোগী অধ্যাপক : ৩১ জানুয়ারি, ২০২১
সহকারী অধ্যাপক : ০৭ জানুয়ারি, ২০২১

আবেদনপত্র জমাদান :
রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর সহযোগী অধ্যাপক পদের জন্য ৭০০/= (সাতশত) টাকা এবং সহকারী অধ্যাপক পদের জন্য ৬০০/= (ছয়শত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়),পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। সহযোগী অধ্যাপক পদের জন্য ১১ সেট দরখাস্ত (তম্মধ্যে ২সেট ইংরেজীতে) এবং সহকারী অধ্যাপক পদের জন্য ৮ সেট দরখাস্ত রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।

আবেদনের সাথে প্রার্থীর প্রকাশনাসমূহের হার্ডকপি ও সফ্ট কপি জমা দিতে হবে। যোগ্যতার কপি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ডেসপ্যাচ থেকে সংগ্রহ করা যাবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেও পাওয়া যাবে।

রেজিস্ট্রার

স্মারক নং-রেজিঃ/নিয়োগ/১৪৪/২০২০/৫৭৪০ তারিখ : ১৭ ডিসেম্বর, ২০২০

**শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর সহযোগী অধ্যাপক পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা /অভিজ্ঞতা**

প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে পিএইচডি বা সমমান ডিগ্রিসহ ০৭ (সাত) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা* থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা* থাকতে হবে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় স্বীকৃত* গবেষণা সাময়িকীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশিত কমপক্ষে ৩(তিন)টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ একটি গবেষণা প্রবন্ধের সমতুল্য বলে বিবেচিত হবে, তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না। তার মধ্যে সহকারী অধ্যাপক থাকাকালীন ২ (দুই)টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে।

চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা :

*বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা সাময়িকী বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত গবেষণা সাময়িকী বুঝাবে। (তবে একাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত জার্নালের তালিকা প্রস্তত না হওয়া পর্যন্ত মৌলিক গবেষণা প্রবন্ধ মূল্যায়নের বিষয়টি বাছাই বোর্ডের বিবেচনাধীন থাকবে)।

* অভিজ্ঞতা বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাবে গণ্য হবে, অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে। স্নাতক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষাপ্রদানকারী জাতীয় ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং সরকার ও বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য করা হবে।

*প্রতিটি পেটেন্ট একটি প্রবন্ধের সমতুল্য হিসেবে গণ্য হবে।

*জার্নাল বলতে Peer reviewed জার্নাল বুঝাবে।

রেজিস্ট্রার

স্মারক নং-রেজিঃ/নিয়োগ/১৪৪/২০২০/৫/৭৪০ তারিখ : ১৭ ডিসেম্বর, ২০২০

শাহজালালবিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর
সহকারী অধ্যাপক পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা/অভিজ্ঞতা

ক) প্রার্থীদের এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA 4.00 (5.00 স্কেলে) থাকতে হবে তবে ২০০১, ২০০২, ২০০৩ সনে এসএসসি বা সমমান এবং ২০০৩ সনে এইচএসসি বা সমমান পরীক্ষায় নূন্যতম GPA 3.50 (5.00 স্কেলে) থাকতে হবে।

খ) প্রার্থীদের বিজ্ঞপ্তিকৃত/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) ও মাস্টার্স উভয় পরীক্ষায় নূন্যতম CGPA 3.50 (4.00 স্কেলে) থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে কোন একটি পরীক্ষার ফলাফলের CGPA এর শর্ত শিথিলযোগ্য তবে তা CGPA 3.25 এর নিচে কোন ক্রমেই গ্রহণ যোগ্য হবে না। মাস্টার্স ডিগ্রীধারী যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ৪ বছর মেয়াদী স্নাতক (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রীধারী প্রার্থী নিয়োগ করা যেতে পারে (প্রযোজ্য ক্ষেত্রে)।

গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী* থাকতে হবে। যে কোন একটি পরীক্ষার ফলাফলে শর্ত শিথিলযোগ্য, তবে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী* থাকতে হবে।

ঘ) প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রী থাকতে হবে, অথবা প্রার্থীদের প্রভাষক হিসেবে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ২ (দুই) বছর শিক্ষকতার অভিজ্ঞতা*১ থাকতে হবে।

ঙ) সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত জার্নালে নূন্যতম ০২ (দুই)টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে।

সংশ্লিষ্ট বিষয় :

জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ : বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং/ বায়োটেকনোলজি এন্ড জেনেটিকস/বায়োকেমিস্ট্রি/বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি/ মাইক্রো বায়োলজি/জেনেটিকস এন্ড ব্রিডিং (এনিমেল/প্লান্ট/জেনেটিকস)/বোটানি বা জুওলজিতে জেনেটিকসসহ টিস্যু কালচার।

পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগ : পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/জিওলজি এন্ড মাইনিং/জিওলজি।

চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা :

*বিভাগ/শ্রেণী বলতে বুঝাবে লেটার ও নিউমেরিকেল গ্রেড পদ্ধতি প্রবর্তনের পূর্বে যে ১ম, ২য়, ৩য় বিভাগ/শ্রেণী হিসাবে ফলাফল দেয়া হত।

*১ অভিজ্ঞতা বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাবে গণ্য হবে, অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে। স্নাতক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষা প্রদানকারী জাতীয় ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং সরকার ও বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য করা হবে তবে তা সহকারী অধ্যাপক পদের জন্য সর্বোচ্চ এক বৎসর গণ্য করা হবে।

রেজিস্ট্রার